আয়ুব চেয়ারম্যানের হুশিয়ারি; আচরণবিধি ভঙ্গ

‘ভোট সেন্টারে তোতা অর্থাৎ মানে কাপপিরিচের বাইরে কোন এজেন্ট থাকবে না এবং সমস্ত মানুষ একত্রিত হয়ে তাদের প্রতিহত করতে হবে। আমি চেয়ারম্যান হিসেবে এ কথাটাই বলতে চাই। আর যদি কেউ গণ্ডগোল করার চেষ্টা করে তার পায়ে মেয়ে গলায় ঝুলিয়ে ভোট সেন্টার থেকে বের করে দেওয়া হবে। আমরা চাই আনন্দবাসের ইজ্জত বাগোয়ানের ইজ্জত রক্ষা করতে।’

গত ২৫ এপ্রিল রাতে আনন্দবাস মণ্ডলপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় চত্বেও নির্বাচনী জনসভায় মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়ন চেয়ারম্যান আযুব হোসেন এ কথা বলেন। এসময় তার পাশে জেলা পরিষদের সাবেক সদস্য শাহিন উদ্দিনসহ স্থানীয় আওয়ামী লীগের নেতারা উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে নৌকার ৩ প্রার্থীকে শোকজ

নির্বাচনী আচরণ বিধি ভাঙার অভিযোগে ঝিনাইদহে আওয়ামী লীগের মনোনীত ৩ সংসদ সদস্য প্রার্থীকে শোকজ করেছে নির্বাচনী অনুসন্ধান কমিটি।

আজ বৃহস্পতিবার (১৪ ডিসেম্বর) সন্ধ্যায় কমিটি ঝিনাইদহ-১, ২ ও ৪ আসনের নির্বাচনী অনুসন্ধান কমিটির চেয়ারম্যান যুগ্ম জেলা ও দায়রা জজ মো: সোহাগ তালুকদার এবং নির্বাচন অনুসন্ধান কমিটির সভাপতি ও যুগ্ম জেলা ও দায়রা জজ মো: তৌফিকুল ইসলাম স্বাক্ষরিত এক চিঠি দিয়ে তাদের কাছে আচারণ বিধি লঙ্ঘনের ব্যাখ্যা চাওয়া হয়েছে।

শোকজকৃতরা হলেন ঝিনাইদহ-১ আসনের আওয়ামী লীগের মনোনীত প্রার্থী আব্দুল হাই এমপি,ঝিনাইদহ-২ আসনের আওয়ামী লীগের প্রার্থী তাহজীব